

তারিখ : ২৯ আগস্ট ২০২৩
১৪ ভাদ্র ১৪৩০

ঢাকা বিশ্ববিদ্যালয়
আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রাম ভর্তি ২০২২-২০২৩
কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট

বিশেষ মাইগ্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তি হওয়া শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, কিছু সংখ্যক বিষয়ে আসন শূণ্য থাকায় ভর্তি হওয়া শিক্ষার্থীদের মধ্যে থেকে সে সকল আসনে মনোনয়ন প্রদানের মাধ্যমে বিষয় পরিবর্তনের সুযোগ হয়েছে। বিষয় পরিবর্তনে আগ্রহী শিক্ষার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট (<https://academic.eis.du.ac.bd>)-এ লগইন করে “বিষয় পরিবর্তনে আগ্রহী” মেনুতে ক্লিক করে আবেদন করতে হবে। আসন শূণ্য থাকা বিষয়ের তালিকা ও শূণ্য আসন সংখ্যা ওয়েবসাইটে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, শিক্ষার্থীদের মাইগ্রেশন পূর্বে দেয়া তার পছন্দক্রম অনুযায়ীই হবে; অর্থাৎ নতুন করে শিক্ষার্থীদের কোনো পছন্দক্রম দিতে হবে না। ইতঃপূর্বে যারা চূড়ান্তভাবে বিষয় পছন্দ করেছে তাদের বিষয় পরিবর্তনের কোনো সুযোগ নেই।

বিষয় পরিবর্তনে আগ্রহীদের আবেদন করার সময় ২৯ আগস্ট ২০২৩ থেকে ০৩ সেপ্টেম্বর ২০২৩ বিকেল ৫:০০টা পর্যন্ত। ওয়েবসাইটে আগামী ০৫ সেপ্টেম্বর ২০২৩ বিকেলে পরিবর্তিত বিষয়ের মনোনয়ন (পরিবর্তন হলে) দেখতে পাওয়া যাবে।

বিশেষ মাইগ্রেশন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর মেধাক্রম অনুসারে বিভাগের যোগ্যতা পূরণ সাপেক্ষে শূণ্য আসনসমূহ পূরণ করা হবে।

(অধ্যাপক ড. আবদুল বাছির)

ডিন, কলা অনুষদ ও

প্রধান সমন্বয়কারী

কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট

ঢাকা বিশ্ববিদ্যালয়